গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

# দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

Dinajpur Govt. College, Dinajpur

www.dgc.edu.bd

স্থাপিত-১৯৪২

E-Mail: principal@dgc.edu.bd

স্মারক নম্বর: দিসক/দিনাজ/১ম বর্ষ অনার্স ভর্তি ২০২১-২০২২/২০২২/১৩১ তারিখ: ০৭ জ্যৈষ্ঠ ১৪২৯ বঙ্গাব্দ / ২১ মে ২০২২ খ্রিস্টাব্দ

## ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তির বিজ্ঞপ্তি

| কলেজ কোড-৩৪০১ | | | |
|---|---|---|---|
| বিষয় | কোড | বিষয় | কোড |
| বাংলা | ১০০১ | হিসাববিজ্ঞান | ২৫০১ |
| ইংরেজি | ১১০১ | ব্যবস্থাপনা | ২৬০১ |
| দর্শন | ১৭০১ | পদার্থবিজ্ঞান | ২৭০১ |
| ইতিহাস | ১৫০১ | রসায়ন | ২৮০১ |
| ইস. ইতিহাস ও সংস্কৃতি | ১৬০১ | গণিত | ৩৭০১ |
| অর্থনীতি | ২২০১ | উদ্ভিদবিদ্যা | ৩০০১ |
| সমাজবিজ্ঞান | ২০০১ | প্রাণিবিদ্যা | ৩১০১ |
| রাষ্ট্রবিজ্ঞান | ১৯০১ | - | - |

| ভর্তি যোগ্যতা | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ক্র. | SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম যোগ্যতা | | | HSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম যোগ্যতা | | |
| | পরীক্ষার নাম | পাসের সন | ন্যূনতম GPA | পরীক্ষার নাম | পাসের সন | ন্যূনতম GPA (৪র্থ বিষয়সহ) |
| ক. | SSC ও সমমান (মানবিক শাখা) | ২০১৮/১৯ | 3.5 | HSC ও সমমান (মানবিক শাখা) | ২০২০/২১ | 3.0 |
| খ. | SSC ও সমমান (বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা) | ২০১৮/১৯ | 3.5 | HSC ও সমমান (বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখা) | ২০২০/২১ | 3.5 |
| - | বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে HSC (ভোকেশনাল), HSC (বিজনেস ম্যানেজমেন্ট) ও ডিপ্লোমা-ইন-কমার্স | | | | | |

২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তিচ্ছু ছাত্রছাত্রীদের জানানো যাচ্ছে যে, তাদের প্রাথমিক আবেদন ও ভর্তি সংক্রান্ত কার্যক্রম নিম্নোক্তভাবে সম্পন্ন করা হবে:

**(১) ভর্তির আবেদনের নিয়মাবলি:**

**(ক) ভর্তিচ্ছুক প্রার্থীরা যে শাখা থেকে উচ্চমাধ্যমিক/সমমানের পরীক্ষায় পাস করেছে তাদেরকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.ac.bd/admissions) থেকে আগামী ২২/০৫/২০২২, বিকাল ০৪:০০টা হতে ০৯/০৬/২০২২ তারিখ রাত ১২:০০ টার মধ্যে অনলাইনে আবেদন ফরমপূরণ করতে হবে।**

(খ) প্রার্থী দিনাজপুর সরকারি কলেজের নাম সিলেক্ট করলে অত্র কলেজের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তিযোগ্য বিষয়সমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এই তালিকা থেকে প্রার্থীকে সতর্কতার সাথে তার প্রার্থিত বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করতে হবে।

(গ) ফরম পূরণের সময় আবেদনকারীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙিন ছবি Scan করে আপলোড করতে হবে। ছবির মাপ হবে ১২০×১৫০ pixels, Image Type:jpg এবং maximum file size: 50Kb. আবেদনের ছবিটি সংরক্ষণ করতে হবে এবং কলেজের online admission system এ একই ছবি ব্যবহার করতে হবে।

(ঘ) ডাউনলোডকৃত প্রাথমিক আবেদন ফরমটি A4 পেপার (৮.৫"×১১" ইঞ্চি) সাইজ হতে হবে এবং এটি সাদা অফসেট পেপার দ্বারা প্রিন্টেড হতে হবে। নির্ধারিত কাগজের মাপ ব্যতীত অন্য মাপের ফরম গ্রহণ করা হবে না। **ডাউনলোডকৃত আবেদন ফরম অত্যন্ত সতর্কতার সাথে পূরণ করতে হবে। কলেক কর্তৃক নিশ্চয়নের পর ফরমের ত্রুটি সংশোধন করা যাবে না। ত্রুটিপূর্ণ ও ভুল ছবিযুক্ত ফরম বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।**

চলমান পাতা-০২

(ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল, স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তিকৃত কোনো শিক্ষার্থী ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে না। তবে এসকল শিক্ষার্থীরা ২০২০-২০২১ শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি হতে পারবে।

(চ) একই শিক্ষাবর্ষে অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোনো শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে **দ্বৈত ভর্তি** হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

(ছ) মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা পূরণ করতে হবে। **কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত সনদপত্রের মূল ও সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।** একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। কোটার জন্য সংরক্ষিত আসন বিষয়ভিত্তিক বরাদ্দকৃত আসনের অতিরিক্ত হিসেবে বিবেচিত হবে।

**(২) আবেদন ফি :**

(ক) প্রাথমিক আবেদনের নির্ধারিত ফি ২৫০/- (দুইশত পঞ্চাশ) ও {মোবাইল ব্যাংকিং চার্জ ১৫/- (পনের) টাকা} সর্বমোট = ২৬৫/- (দুই শত পঁয়ষট্টি) টাকা ডাচ্ বাংলা ব্যাংকের নেক্সাস পে গেট ওয়ের মাধ্যমে (মোবাইল ব্যাংকিং রকেটসহ) পরিশোধ করতে হবে।

**(খ)** কলেজের ওয়েবসাইট www.dgc.edu.bd এ প্রবেশ করে Online Admission Option গিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত রোল নম্বর দিতে হবে অতঃপর ইংরেজিতে বড় হাতের অক্ষরে নিজের নাম, পিতার নাম, মাতার নাম ও জাতীয় বিশ্ববিদ্যালয়ে ফরমপূরণ করার সময় যে ছবি আপলোড করা হয়েছে সেই ছবি ও মোবাইল নম্বর দিয়ে প্রবেশ করতে হবে। Payment Option এ গিয়ে রকেট নাম্বার বা নেক্সাস পে কার্ড নাম্বার দিয়ে ফি পরিশোধ করতে হবে। রকেট নাম্বার বা নেক্সাস পে কার্ড নাম্বার দেওয়ার পর উক্ত মোবাইল নাম্বারে (রকেট/নেক্সাস পে) OTP যাবে সে নাম্বারটি দিয়ে ফি পরিশোধ **সম্পন্ন হবে।**

**(৩) আবেদন ফরম জমাঃ জাতীয় বিশ্ববিদ্যালয়ের আবেদন ফরম, কলেজে ভর্তির প্রাথমিক আবেদন ফরম ও ফি পরিশোধের ডাউনলোডকৃত স্লিপ নিজ দায়িত্বে সংরক্ষণ করতে হবে। যারা ভর্তির জন্য মনোনীত হবে তাদের ভর্তির সময় প্রাথমিক আবেদন ফরম অবশ্যই জমা দিতে হবে।**

**(৪) ফলাফল প্রকাশ:**

(ক) ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদের কোনো ভর্তি পরীক্ষা দিতে হবে না।

(খ) প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধা তালিকা তৈরি করে প্রার্থীদের পছন্দক্রমের উর্ধ্বক্রম অনুযায়ী ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির বিষয় বরাদ্দ দেয়া হবে।

(গ) শিক্ষার্থীরা ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইট www.nu.ac.bd/admissions অথবা SMS (nu<space>athn<space>roll no) টাইপ করে 16222 নম্বরে send করে ফলাফল জানতে পারবে।

(ঘ) ভর্তির ফলাফল পর্যায়ক্রমে প্রথম মেধা তালিকা, শূন্য আসন সাপেক্ষে দ্বিতীয় মেধা তালিকা, বিশেষ কোটা এবং রিলিজ স্লিপের (প্রয়োজনে একাধিক বার) মাধ্যমে প্রকাশ করা হবে। এরপর ভর্তির জন্য সংশ্লিষ্ট বিভাগে যোগাযোগ করতে হবে।

(ঙ) যে সকল প্রার্থী মেধা তালিকায় স্থান পাবে না, ভর্তি বাতিল করবে অথবা মেধা তালিকায় স্থান পেয়েও ভর্তি হবে না সে সকল প্রার্থী পাঁচটি কলেজে আলাদাভাবে বিষয় পছন্দক্রম নির্ধারণ করে রিলিজ স্লিপের জন্য আবেদন করতে পারবে।

**(৫) ক্লাস শুরু : ০৩ জুলাই ২০২২ খ্রিষ্টাব্দ।**

ভর্তি সংক্রান্ত কলেজের তথ্য www.dgc.edu.bd কলেজ ওয়েব সাইটে পাওয়া যাবে।

বি:দ্রঃ প্রাথমিক আবেদন ও ভর্তি সংক্রান্ত যাবতীয় বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রকাশিত ভর্তি নির্দেশিকা অনুসরণ করা হবে। এই ভর্তি কার্যক্রমের যে কোনো ধারা/নিয়মাবলির সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**প্রয়োজনে: জনাব তাহমিনা বেগম, সহকারী অধ্যাপক, অর্থনীতি (মোবাইল নম্বর: ০১৭১২২৬৫১৩৮), জনাব মনোরঞ্জন রায়, সহকারী অধ্যাপক, গণিত (মোবাইল নম্বর:০১৭১৮২৭২১৬৫) ও জনাব মোঃ সাজেদুল ইসলাম, সহকারী অধ্যাপক, হিসাববিজ্ঞান (মোবাইল নম্বর:০১৭৩৫০৮৭২৮২)**

প্রতি স্বাক্ষর

২৩/০৫/২০২২

(প্রফেসর মো. আবু বকর সিদ্দিক)
অধ্যক্ষ
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

২৩/০৫/২২

(প্রফেসর মো. মোজাহারুল ইসলাম)
আহ্বায়ক
১ম বর্ষ স্নাতক (সম্মান) ভর্তি কমিটি ২০২১-২০২২
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর

অনুলিপি:

১. উপাধ্যক্ষ, অত্র কলেজ।
২. হিসাব শাখা ও ক্যাশ শাখা, অত্র কলেজ।
৩. অফিস নথি।